



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/ ১১৭৭

তারিখ: ০৭/০৭/২০২০

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ক. ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিভিন্ন শিক্ষার্থী ও অভিভাবকের অভিযোগ।

খ. নথি পর্যালোচনা

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন মালিবাগ, চৌধুরীপাড়া অবস্থিত “সাউথ পয়েন্ট কলেজ” অনুমতিবিহীন শাখা ক্যাম্পাস চালু রেখেছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। অধিকন্তু বোর্ডের ডাটাবেজে প্রতিষ্ঠানটি কো-এডুকেশন (সহশিক্ষা) হিসেবে অন্তর্ভুক্ত থাকলেও বিনা অনুমতিতে বিভিন্নস্থানে জেভার উল্লেখ করে (বালক/বালিকা) সহশিক্ষা চালু রাখায় শিক্ষার্থীগণ নানা ধরনের সমস্যায় পড়ছে।

এছাড়া, প্রতিষ্ঠানটির স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণ হয় গত ৩০/০৬/২০১৮ তারিখে, পূর্ববর্তী কমিটির মেয়াদ উত্তীর্ণ হয় গত ০১/০৭/২০১৬ তারিখে, তবে বিশেষ শর্তাধীনে গত ২২/০৯/২০১৯ তারিখে প্রতিষ্ঠানটিকে সংস্থা পরিচালিত কমিটির অনুমোদন দেয়া হয়।

উল্লেখ্য, নথি পর্যালোচনা করে দেখা যায় প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে অত্র প্রতিষ্ঠানটিকে ইতিমধ্যে দুইবার স্থান পরিবর্তনের অনুমতি প্রদান করা হয়।

নিম্নোক্ত শর্তে প্রথমবার স্থান পরিবর্তনঃ

১. বোর্ডের পূর্বানুমতি ব্যতীত বর্তমান ঠিকানা পরিবর্তন করা যাবে না।
২. আগামী ০২ (দুই) বছরের মধ্যে নিজস্ব জমি ও ভবনের ব্যবস্থা করতে হবে।
৩. কলেজ ভবনের কোন অংশই অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

বোর্ডের পত্র নং ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/৭১৫ মোতাবেক গত ০৪/০৭/২০০৭ তারিখে উক্ত প্রতিষ্ঠানের ঠিকানা:

“বাড়ি- ৩/এ, রোড-২২, গুলশান-১” হতে

“বাড়ি-৫৩/৫৫, রোড-৩, গুলশান-১” এ স্থানান্তরের অনুমতি প্রদান করা হয়।

নিম্নোক্ত শর্তে দ্বিতীয়বার স্থান পরিবর্তনঃ

১. আগামী ০২ (দুই) বছরের মধ্যে কলেজের জন্য নিজস্ব জমি ও ভবনের ব্যবস্থা করতে হবে
২. বোর্ডের পূর্বানুমতি ব্যতীত বর্তমান ঠিকানা/ভবন পরিবর্তন করা যাবে না

বোর্ডের পত্র নং ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/৯১ মোতাবেক গত ১৮/০৮/২০১১ তারিখে উক্ত প্রতিষ্ঠানকে

“বাড়ি-৫৩/৫৫, রোড-৩, গুলশান-১” হতে

“বাড়ি-৮৯(উত্তর), প্লট- এ ও বি, ব্লক-বি, চৌধুরীপাড়া, মালিবাগ ” স্থানান্তরের অনুমতি প্রদান করা হয়।

উপরোক্ত তথ্য হতে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠানটির বর্তমান অবস্থান বাড়ি-৮৯(উত্তর), প্লট-এ ও বি, ব্লক-বি, চৌধুরীপাড়া, মালিবাগ, খিলগাঁও, ঢাকা তবে ভর্তিচ্ছু শিক্ষার্থী এবং অভিভাবকদের ভাষ্যমতে খিলগাঁও থানাধীন মালিবাগ, চৌধুরীপাড়ার উক্ত স্থানটি ছাড়াও আপনারা গুলশান, উত্তরা, মিরপুরসহ ঢাকা শহরের বিভিন্ন স্থানে বোর্ডের অনুমতিবিহীন একাধিক শাখা ক্যাম্পাস চালু রেখেছেন।

বিধি বহির্ভূতভাবে শাখা ক্যাম্পাস চালু রাখার কারণ জানতে চেয়ে ১৫/১০/১৯ তারিখে পত্র ইস্যু করা হয় যার স্মারক নং: ২৮৪/ক/স্বী/০৩(অংশ-১)/৮৮০ এবং ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে ব্যাখ্যা করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি যুক্তিসঙ্গত কোন সদুত্তর পাওয়া যায়নি।

এমতাবস্থায়, পুনরায় ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অনুমতিবিহীন শাখা ক্যাম্পাস চালু রাখার বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের অসদেতাগ্রে

০৭.০৭.২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

সাউথ পয়েন্ট কলেজ [EIN 108040]

বাড়ি-৮৯(উত্তর) এ ও বি, ব্লক-বি, চৌধুরীপাড়া

মালিবাগ, খিলগাঁও, ঢাকা